

আমার পথ

জ্ঞানমূলক প্রশ্নোত্তর

১। প্র: 'আমার পথ' প্রবন্ধে লেখক কাকে সালাম জানিয়েছেন?

উ: 'আমার পথ' প্রবন্ধে লেখক আপন সত্যকে সালাম জানিয়েছেন।

২। প্র: 'আমার পথ' প্রবন্ধটি কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

উ: 'আমার পথ' প্রবন্ধটি 'রুদ্র-মঙ্গল' প্রবন্ধগ্রন্থ থেকে নেওয়া হয়েছে।

৩। প্র: 'আমার পথ' প্রবন্ধে 'আমার পথ' আমাকে কী দেখাবে?

উ: 'আমার পথ' প্রবন্ধে 'আমার পথ' আমাকে আমার সত্য দেখাবে।

৪। প্র: 'কর্ণধার' শব্দটির অর্থ কী?

উ: 'কর্ণধার' শব্দটির অর্থ নেতৃত্ব প্রদানের সামর্থ্য আছে এমন ব্যক্তি।

৫। প্র: প্রাবন্ধিকের কর্ণধার কে?

উ: প্রাবন্ধিকের কর্ণধার প্রাবন্ধিক নিজেই।

৬। প্র: কাজী নজরুল ইসলামের মতে, কে মিথ্যাকে ভয় করে?

উ: কাজী নজরুল ইসলামের মতে, যার মনে মিথ্যা সে-ই মিথ্যাকে ভয় করে।

৭। প্র: বোধ জাগ্রত হলে ধর্মের সত্য উন্মোচিত হয়?

উ: মানুষ্যত্ববোধ জাগ্রত হলে ধর্মের সত্য উন্মোচিত হয়।

৮। প্র: কে অন্য ধর্মকে ঘৃণা করতে পারে না?

উ: যার নিজের ধর্মে বিশ্বাস আছে, যে নিজের সত্যকে চিনেছে, সে অন্য ধর্মকে ঘৃণা করতে পারে না।

৯। প্র: কোনটি সবচেয়ে বড় দাসত্ব?

উ: পরাবলম্বন সবচেয়ে বড়ো দাসত্ব।

১০। প্র: সত্যকে কীভাবে পাওয়া যায়?

উ: ভুলের মধ্য দিয়ে গিয়েই সত্যকে পাওয়া যায়।

১১। প্র: 'সম্মার্জনা' শব্দের অর্থ কী?

উ: 'সম্মার্জনা' শব্দের অর্থ হলো- মেজে-ঘষে পরিষ্কার করা।

অনুধাবনমূলক প্রশ্ন

- ১। প্র: লেখক নিজেকে 'অভিশাপ-রথের সারথি' বলে অভিহিত করেছেন কেন?
- ২। প্র: 'ষার ভিতরে ভয়, সেই বাইরে ভয় পায়।' - ব্যাখ্যা করো।
- ৩। প্র: 'মানুষ-ধর্মই সবচেয়ে বড় ধর্ম' - বুঝিয়ে লেখো।
- ৪। প্র: 'আমি সে- দাসত্ব হতে সম্পূর্ণ মুক্ত- উক্তিটি ব্যাখ্যা করো।
- ৫। প্র: স্পষ্ট কথায় কষ্ট পাওয়াকে দুর্বলতা বলা হয়েছে কেন?
- ৬। প্র: 'আমার পথ দেখাবে আমার সত্য'- উক্তিটি ব্যাখ্যা করো।
- ৭। প্র: 'এটা দস্ত নয়, অহংকার নয়'-কথাটি ব্যাখ্যা করো।
- ৮। প্র: 'একমাত্র মিথ্যার জলই এই শিখাকে নিভাতে পারবে- কথাটি বুঝিয়ে দাও।
- ৯। 'আমার পথ' প্রবন্ধের প্রাবন্ধিক কেন ভুল করতে রাজি আছেন?
- ১০। নজরুল ইসলামের মতে, আগুনের সম্মার্জনীর প্রয়োজন কেন?